দৈনিক
ইত্তেফাক

04 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

# প্রতারক চক্রের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের হুঁশিয়ারি

একটি প্রতারক চক্র শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন কাজের কথা বলে মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নাম ব্যবহার করে দেশের বিভিন্নস্থানে শিক্ষা প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্টদের নিকট হতে অর্থ দাবি করছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। অনেক ক্ষেত্রে মন্ত্রণালয়ে স্বাভাবিক নিয়মে সম্পন্ন বিভিন্ন কাজকে নিজেদের কৃতিত্ব হিসেবে জাহির করে এসব প্রতারক নানা কৌশলে টাকা-পয়সা হাতিয়ে নিচ্ছে বলে অভিযোগে দেখা যাচ্ছে। এসব প্রতারককে পাকড়াও করে নিকটস্থ থানায় সোপর্দ করতে শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে অনুরোধ জানানো হচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ, ভবন নির্মাণ, এমপিওভুক্তি, বিষয় খোলা, প্রকল্প অনুমোদন প্রভৃতি শিক্ষা মন্ত্রণালয়ের রুটিন কাজ, যা নির্দিষ্ট প্রক্রিয়া অনুসরণ করে স্বাভাবিক নিয়মে সম্পন্ন হয়। এ ধরনের সরকারি কাজের জন্য অর্থ আদায়ের কোনো বিধান নেই। মন্ত্রণালয়ের কর্মকর্তা বা কর্মচারিগণ কোনো কাজের জন্য কখনো অর্থ দাবি করতে পারেন না। শিক্ষা মন্ত্রণালয় বা এর অধীন দপ্তরে কর্মরত কেউ এ ধরনের কাজের জন্য অর্থ দাবি বা গ্রহণ করেছেন এমন কিছু প্রমাণিত হলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের কোনো কাজের জন্য কাউকে কোনো অর্থ না দেওয়ার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলের প্রতি মন্ত্রণালয়ের পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ জানানো হচ্ছে।

— তথ্য বিবরণী